**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪**

**বাংলা**

**সেমেস্টার: ৪ কোর্স: ১**

**বিশেষ পত্র: বিংশ শতাব্দীর বাংলা কবিতা**

**সময়: ৩ ঘণ্টা**

**পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। কবিতায় প্রতীকের ব্যবহারের গুরুত্ব কতখানি তা উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

২। কাব্যের শৈলীতে সমান্তরালতার ব্যবহার ও তার গুরুত্ব বিচার করো। ১০

৩। সাহিত্যে অলংকার হিসেবে ইমেজারিকে এতখানি গুরুত্ব দেওয়ার কারণ উদাহরণযোগে ব্যাখ্যা করো। ১০

একক-২

৪। কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতার শৈলী বিশ্লেষণ করো। ১০

৫। পুনরুক্তি (Repetition) কীভাবে নীরেন্দ্রনাথ চক্রবর্তীর 'চলো, ভালবাসা' কবিতায় শৈলীগত বিশিষ্টতা এনেছে, লেখো। ১০

৬। শৈলীবিজ্ঞানের যে-কোনো একটি মাপকাঠি দিয়ে শঙ্খ ঘোষের 'খড়' কবিতার শৈলী বিচার করো। ১০

একক-৩

৭। বাংলা কবিতায় সংস্কৃত ছন্দ ব্যবহারের ক্ষেত্রে সত্যেন্দ্রনাথ দত্ত প্রবর্তিত পদ্ধতিটি কীভাবে অনুসৃত হয়েছে তার পরিচয় দাও। ১০

৮। বিংশ শতাব্দীর বাংলা কবিতায় কলাবৃত্ত রীতির ছন্দ নিয়ে কী ধরনের পরীক্ষা-নিরীক্ষা হয়েছে দেখাও। ১০

৯। রবীন্দ্রোত্তর পর্বের কবিতায় 'ছন্দ-মিশ্রণ' কীভাবে ঘটানো হয়েছে সে-বিষয়ে আলোচনা করো। ১০

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও: ৫X২= ১০

(ক) ইমেজারির কী কী বাংলা প্রতিশব্দ আছে লেখো।

(খ) কবিতা থেকে সিনেস্থেসিয়া অলংকারের দুটি উদাহরণ দাও।

(গ) বিশ শতকের বাংলা কবিতা থেকে লগ্ন প্রশ্নের (Tag Question) দুটি উদাহরণ দাও।

(ঘ) PCOB তত্ত্বের পুরো নাম কী? এই তত্ত্বটি চমস্কির কোন তত্ত্ব দ্বারা প্রভাবিত?

(ঙ) বাংলা গদ্যকবিতার দুটি বৈশিষ্ট্যের পরিচয় দাও।

(চ) দলবৃত্ত রীতির কবিতায় পরীক্ষা-নিরীক্ষার দুটি নমুনা দাও।

স্নাতকোত্তর পরীক্ষা-২০২৪

বাংলা

(বিশেষ পত্র: বিংশ শতাব্দীর বাংলা কবিতা)

সেমেস্টার : ৪ কোর্স: ২

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান:৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**১০-সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।**

## একক-১

১। 'সুররিয়াল' ছবির বিশেষত্বগুলি লেখো। রিয়ালিস্ট ধারার পর কেন সুররিয়ালিজমের প্রতি পশ্চিমের শিল্পীরা আকৃষ্ট হয়েছিলেন? উদাহরণ সহযোগে আধুনিক বাংলা কবিতায় সঙ্গে সুররিয়ালিস্ট ছবির সম্পর্ক পর্যালোচনা করো। ৩+২+৫=১০

২। ডাডাবাদীদের থেকেই সুররিয়ালিস্ট শিল্পধারার উৎপত্তি হয়েছে এই ধারণা যথার্থ নয়। উভয় ধারার পর্যালোচনা করে এই দুই শিল্পপ্রবণতার পার্থক্যগুলি নিরূপণ করো। ১০

৩। 'ইম্প্রেশনিজম' ধারার চিত্রকলা সম্পর্কে আলোচনা করো। এই ধারার চিত্রকলার সঙ্গে বাংলা কবিতার কোনো সম্পর্ক থাকলে তার উদাহরণ দাও। ৭+৩ =১০

## একক-২

৪। সুধীন্দ্রনাথ দত্তের কবিতায় মালার্মের প্রভাব ও কাব্যাদর্শ সম্পর্কে আলোকপাত করো। ১০

৫। জীবনানন্দ দাশের কবিতায় ডব্লু. বি. ইয়েটসের প্রভাব সংক্ষেপে আলোচনা করো। জীবনানন্দের 'হায় চিল' কবিতা ইয়েটসের 'He Reproves the Curlew' থেকে কতখানি স্বতন্ত্র তা বিচার করো। ৫+৫=১০

৬। এলিয়টের 'The Waste Land' কাব্যের দ্বারা বিষ্ণু দে কীভাবে প্রভাবিত হয়েছিলেন তা আলোচনা করো। ১০

অপর পৃষ্ঠা

একক-৩

৭। ‘Anxiety of Influence’ পুরোমাত্রায় থাকা সত্ত্বেও রবীন্দ্রনাথের পরিগ্রহণও বুদ্ধদেব বসুর কাব্যজীবনে কিছু কম নয়। নানা প্রতর্কের মধ্য দিয়েই বুদ্ধদেব আত্মস্থ করেছিলেন রবীন্দ্রনাথকে।—আলোচনা করো। ১০

৮। কাব্যদর্শের ভিন্নতা সত্ত্বেও সমর সেন কীভাবে তাঁর কবিতায় রবীন্দ্রনাথকে গ্রহণ করেছিলেন তা উদাহরণসহ আলোচনা করো। ১০

৯। শঙ্খ ঘোষ প্রত্যক্ষভাবে রবীন্দ্র-সংস্পৃষ্ট কবি না হলেও চেতনালোকে তিনি রবীন্দ্রজারিত। মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

১০। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো পাঁচটি) ৫X২= ১০

(ক) মূল ‘ডাডা’ শব্দের দুটি বাংলা প্রতিশব্দ লেখো।

(খ) ‘ইম্প্রেশন সানরাইজ’ ছবিটির পটভূমিতে কোন দেশের কোন শহরের সমুদ্রবন্দর রয়েছে?

(গ) ফরাসি কবিতার বাংলা অনুবাদ করেছেন এমন দু'জন বাঙালি অনুবাদকের নাম লেখো।

(ঘ) এলিয়টের কবিতা বাংলায় অনুবাদ করেছেন এমন চারজন অনুবাদকের নাম লেখো।

(ঙ) রবীন্দ্রনাথের কবিতাংশ উদ্ধৃত হয়েছে সমর সেনের এমন দুটি কাব্যপঙ্‌ক্তি উল্লেখ করো।

(চ) ‘তোমারি গভীর/উৎস হতে আমি উৎসারিত।’ —এটি কার লেখা, কোন কবিতা থেকে উদ্ধৃত?

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪**

**বাংলা**

**সেমেস্টার : ৪ কোর্স : ৩**

**বিংশ শতাব্দীর বাংলা কবিতা**

সময় : ৩

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একক — ১**

১। 'একটি সন্ধ্যা' ও 'মায়াতরু' কবিতা অবলম্বনে অশোকবিজয় রাহার কবি-বিশিষ্টতার পরিচয় দাও। ১০

২। 'পরাণ মাঝি হাঁক দিয়েছে' কবিতার বিষয় সম্প্রসারিত করো। ১০

৩। আন্দোলনে সর্বস্বান্ত হয়ে যাওয়ার পরও ইয়াসিন মিয়ার যে অপরাজেয় মানবিকতার ছবি পাওয়া যায়, 'ইয়াসিন মিয়া' কবিতা অবলম্বনে পরিচয় দাও। ১০

**একক — ২**

৪। 'রাজেশ্বরী নাগমণিকে নিবেদিত' কবিতায় কবি পুরুষকে হত্যাকারী বলেছেন এবং 'আন্তিগোনে' কবিতায় নারীশক্তির বীজ বপন করেছেন— আলোচনা করো। ১০

৫। গীতা চট্টোপাধ্যায়ের কবিতায় ধ্রুপদী বৈশিষ্ট্য কীভাবে প্রকাশ পেয়েছে একটি পাঠ্য কবিতা অবলম্বনে তা আলোচনা করো। ১০

৬। গার্হস্থ্য ও বিষাদ ভাবনা ভাস্কর চক্রবর্তীর কবিতাকে ভিন্ন মাত্রা দিয়েছে — প্রাসঙ্গিক উদাহরণসহ আলোচনা করো। ১০

**একক — ৩**

৭. সুকুমার রায়ের 'আবোল তাবোল' বইয়ের অলঙ্করণগুলি কীভাবে কবিতাগুলির পরিপূরক হয়ে উঠেছে আলোচনা করো। ১০

৮. আদর্শ ছড়া বলতে অন্নদাশঙ্কর কী বুঝতেন? সেই আদর্শ তাঁর নিজের ছড়ায় কতখানি অনুসৃত হয়েছে দেখাও। ৪ + ৬ = ১০

৯. বিষয় এবং আঙ্গিকের বৈচিত্র্য দিয়ে সুনির্মল বসু কীভাবে তাঁর ছড়া জাতীয় রচনাগুলিকে ছোটোদের কাছে আকর্ষণীয় করে তুলেছেন আলোচনা করো। ১০

**১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৫ X ২ = ১০

ক। অরুণকুমার সরকারের দুটি কাব্যের নাম লেখো।

খ। 'মেঘ বৃষ্টি ঝড়' ও 'জননী যন্ত্রণা' কবিতা দুটি কোন্ কোন্ কাব্যের অন্তর্গত?

গ। 'এসো, সুসংবাদ এসো' এবং 'জিরাফের ভাষা' কাব্য দুটি কবে কবে প্রকাশিত হয়?

ঘ। 'স্বীকার সাহস রাখে শুধু ইডিপাস'— ইডিপাস কে? সে কী স্বীকার করেছিল?

ঙ। সুকুমার রায়ের 'আবোল তাবোল' বইয়ের কোন্ কবিতাটি 'সন্দেশ' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? 'আবোল তাবোল' বইটি কত খ্রিষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়?

চ। অন্নদাশঙ্কর রায়-এর চারটি ছড়ার বইয়ের নাম লেখো।

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার: ৪ কোর্স: ১

**বিশেষ পত্র: বিংশ শতাব্দীর বাংলা কবিতা**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। কবিতায় প্রতীকের ব্যবহারের গুরুত্ব কতখানি তা উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

২। কাব্যের শৈলীতে সমান্তরালতার ব্যবহার ও তার গুরুত্ব বিচার করো। ১০

৩। সিনেকডকি এবং মেটনিমি— এই দুটি অলংকারের উদাহরণসহ আলোচনা করো। ১০

একক-২

৪। কবিতার শৈলীতে বিচ্যুতির (Deviation) গুরুত্ব সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১০

৫। জীবনানন্দ দাশের 'বোধ' কবিতায় পুনরুক্তির (Repetition) ব্যবহার সম্পর্কে লেখো। ১০

৬। অরুণ মিত্রের 'অমরতার কথা' কবিতায় সংসক্তির (Cohesion) ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০

একক-৩

৭। রবীন্দ্রোত্তর পর্বের কবিতায় দলবৃত্ত ছন্দের পরীক্ষা-নিরীক্ষার পরিচয় দাও। ১০

৮। বিশ শতকের বাংলা গদ্যকবিতার বৈশিষ্ট্যগুলি দেখাও। ১০

৯। বিশ শতকের বাংলা কবিতায় ব্যবহৃত বিভিন্ন প্রকার ছন্দোরূপের পরিচয় দাও। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫x২ = ১০

(ক) ইমেজারির চারটি বাংলা প্রতিশব্দ লেখো।

(খ) ব্যাকরণগত বিচ্যুতির দুটি উদাহরণ দাও।

(গ) প্রমুখনের (Foregrounding) দুটি উদাহরণ দাও।

(ঘ) সমান্তরালতা (Parallelism) ও পুনরুক্তির (Repetition) প্রধান পার্থক্য কী?

(ঙ) সত্যেন্দ্রনাথ দত্ত সংস্কৃত ছন্দের লঘু-গুরুর বিকল্প হিসেবে কী ব্যবহার করেছিলেন? যে-কোনো একটি ছত্রে তার দৃষ্টান্ত দাও।

(চ) 'ছন্দ-মিশ্রণ' কাকে বলে? ছন্দ-মিশ্রণ ঘটেছে এমন একটি কবিতার নাম লেখো।

স্নাতকোত্তর পরীক্ষা-২০২৩

বাংলা

(বিশেষ পত্র: বিংশ শতাব্দীর বাংলা কবিতা)

সেমেস্টার : ৪ কোর্স : ২

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০-সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক-১

১। রিয়ালিজম বলতে কী বোঝ? বাংলা কবিতার ইতিহাসে 'রিয়ালিজম'-এর নানা প্রতর্ক সম্পর্কে আলোচনা করো এবং এ-ব্যাপারে তোমার সুচিন্তিত মতামত দাও। ৩+৪+৩= ১০

২। ডাডাইজম আর সুররিয়ালিজমের একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো। বাংলা কবিতায় সুররিয়াল প্রবণতা কীভাবে পরিলক্ষিত হয় তা আলোচনা করো। ৬+৪=১০

৩। ইম্প্রেশনিস্ট ধারার চিত্রকলার বিশেষত্ব সম্বন্ধে আলোকপাত করো। বাংলা কবিতায় ইম্প্রেশনিস্ট ধারার চিত্রকলার সামীপ্য কীভাবে নিরূপণ করা যেতে পারে তা উদাহরণ সহযোগে দেখাও। ৭+৩ =১০

একক-২

৪। বাঙালি কবি সুধীন্দ্রনাথ দত্ত ও বিষ্ণু দের কবিতায় মার্কিন কবি টি.এস.এলিয়টের প্রভাব কীভাবে বর্তেছে, তা আলোচনা করো। ১০

৫। আধুনিক বাংলা কবিতায় ডব্লু. বি. ইয়েটসের প্রভাব সংক্ষেপে আলোচনা করো। ১০

৬। রবীন্দ্র-বুদ্ধদেব কাব্যসম্বন্ধগত একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো। ১০

একক-৩

৭। রবীন্দ্রনাথের কবিতা সম্বন্ধে পাশ্চাত্য পাঠকদের মনে গ্রহণ-বর্জনের যে দ্বিধা তৈরি হয়েছিল, অলোকরঞ্জন দাশগুপ্তের পাঠ্য প্রবন্ধানুসারে সে বিষয়ে তোমার অভিমত দাও। ১০

৮। রবীন্দ্রনাথের কাব্যদর্শনের দ্বারা অমিয় চক্রবর্তী প্রাভাবিত হলেও তিনি আধুনিক। আলোচনা করো। ১০

৯। সমর সেনের 'স্মৃতি' কবিতাটির সূত্রে রবীন্দ্রনাথের ভাবজগতের প্রতি তাঁর মনোভাবের পরিচয় দাও। ১০

১০। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো পাঁচটি) ৫X২= ১০

(ক) ত্রিস্তান জারা ছাড়া আরও দু'জন ডাডাবাদী ইস্তাহার রচয়িতার নাম লেখো।

(খ) 'ওয়ায়াটার লিলিজ' এবং 'গোল্ডেন সামার' ছবিদুটির শিল্পীদের নাম কী কী?

(গ) ইয়েটসের কবিতার বাংলা অনুবাদ করেছেন এমন দু'জন অনুবাদকের নাম লেখো।

(ঘ) 'পর্বত চাহিল হতে বৈশাখের নিরুদ্দেশ মেঘ' এবং 'কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও'— রবীন্দ্রনাথের এই কবিতাংশদুটি সমর সেন তাঁর কোন দুটি কবিতায় ব্যবহার করেছেন?

(ঙ) বুদ্ধদেব বসু সম্পাদিত 'আধুনিক বাংলা কবিতা' গ্রন্থে গৃহীত রবীন্দ্রনাথের যে-কোনো দুটি কবিতার নাম লেখো।

(চ) 'নির্মাণ আর সৃষ্টি' এবং 'কবি রবীন্দ্রনাথ' বইদুটির রচয়িতাদের নাম লেখো।

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৩

বাংলা

সেমেস্টার ৪ কোর্স : ৩

বিশেষ পত্র : বিংশ শতাব্দীর বাংলা কবিতা

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক ১

১। 'মুখোশ' ও 'রাত্রিকে' কবিতার বিষয় ভিন্ন হয়েও উভয়ের ভাবগত সত্য অভিন্ন। — আলোচনা করো। ১০

২। মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়ের 'জননী যন্ত্রণা' ও 'মেঘ-বৃষ্টি-ঝড়' নামের দুটি কবিতায় তেভাগা আন্দোলনের যে রূপ ফুটে উঠেছে তার পরিচয় দাও। ১০

৩। অরুণকুমার সরকারের 'শান্তিনিকেতন থেকে' কবিতাটির সৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

একক ২

৪। কবিতা সিংহের 'রাজেশ্বরী নাগমণিকে নিবেদন' কবিতায় কবি পুরুষকে হত্যাকারী বললেও নারীর প্রতি সংবেদনশীলতা প্রধান হয়ে দেখা দিয়েছে — আলোচনা করো। ১০

৫। ষাটের দশকের একজন শক্তিশালী কবিরূপে গীতা চট্টোপাধ্যায়ের কবিতার বৈশিষ্ট্যগুলি পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০

৬। ভাস্কর চক্রবর্তীর 'মৃত্যু' কবিতা অবলম্বনে দেখাও কবি কীভাবে কবিতায় জীবনের অন্বেষণ করেছেন। ১০

একক ৩

৭। সুকুমার রায়ের 'আবোল তাবোল' এক অর্থে খেয়াল রসের সূত্রে ছোটোদের, আরেক অর্থে সামাজিক দায়িত্বের সূত্রে বড়োদের আগ্রহ আকর্ষণ করে। পাঠ্য কবিতা অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

৮। অন্নদাশঙ্কর রায়ের ছড়ার বিষয়-বৈচিত্র্যের পরিচয় দাও। ১০

৯। সুনির্মল বসুর ছোটোদের কবিতা সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো। ১০

১০। যে-কোনো পাঁচটি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ৫X২=১০

(ক) অশোকবিজয় রাহার প্রথম কাব্য কোন্‌টি? কত সালে প্রকাশিত হয়?

(খ) 'ইয়াসিন মিয়া' কবিতার অবনী ও রহিমের পরিচয় কী?

(গ) কবিতা সিংহের 'আন্তিগোনে' কবিতাটি কাকে উৎসর্গ করা হয়েছে? আন্তিগোনে কে?

(ঘ) গীতা চট্টোপাধ্যায়ের দুটি কাব্যের নাম লেখো।

(ঙ) নোট বই কত সালে প্রকাশিত হয়? নোট বই পড়লে কী কী জানা যাবে?

(চ) প্রচলিত ছড়া থেকে নামকরণ করা হয়েছে, অন্নদাশঙ্কর রায়ের এরকম চারটি ছড়ার বইয়ের নাম লেখো।

—